দৈনিক ইত্তেফাক

তারিখ 06 OCT 2016

### লক্ষ্মীপুরে শিক্ষার্থীদের বিক্ষোভ ও মানববন্ধন

# এইচএসসিতে প্রশ্নের নতুন মানবণ্টনের সিদ্ধান্ত বাতিলের দাবি

■ **লক্ষ্মীপুর প্রতিনিধি**

আগামী বছর থেকে এসএসসি, এইচএসসি ও সমমানের পরীক্ষায় সৃজনশীল প্রশ্নে ১০ নম্বর বৃদ্ধি ও বহুনির্বাচনী প্রশ্নে ১০ নম্বর কমিয়ে দেওয়ার সিদ্ধান্ত বাতিলের দাবিতে লক্ষ্মীপুরে বিক্ষোভ ও মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। গতকাল বুধবার দুপুরে লক্ষ্মীপুর সরকারি কলেজের শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাস থেকে বিক্ষোভ মিছিল বের করে শহর প্রদক্ষিণ করে। পরে তারা লক্ষ্মীপুর প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করে। লক্ষ্মীপুর সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রছাত্রীদের আয়োজনে এ সমাবেশে লক্ষ্মীপুর আদর্শ সামাদ উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরাও এতে অংশ নেন।

মানববন্ধনে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বলেন, ৭টি সৃজনশীল প্রশ্ন করে শিক্ষার্থীদের হেনস্থা করা হচ্ছে। পরীক্ষার আগ মুহূর্তে অতিরিক্ত নতুন সৃজনশীল প্রশ্ন সংযোজন করায় ফলাফল খারাপ হওয়ার সম্ভাবনা থাকায় তাদের আজকের কর্মসূচি। দাবি আদায় না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন শিক্ষার্থীরা। মানববন্ধনে লক্ষ্মীপুর সরকারি কলেজ ও আদর্শ সামাদ উচ্চ বিদ্যালয়ের কয়েক শ' ছাত্র-ছাত্রী অংশ নেন।